তারিখ 15 FEB 1987
পৃষ্ঠা 5 কলাম 1

দৈনিক ইত্তেফাক

006

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক ইত্তেফাক
15 FEB 1987



—ইত্তেফাক

বাংলা একাডেমীর প্রাঙ্গণে গ্রন্থমেলা

# গ্রন্থমেলা ॥ বই কম দাম বেশী

( ইত্তেফাক রিপোর্ট )

বাংলা একাডেমী প্রাঙ্গণে আয়োজিত একুশের গ্রন্থমেলায় এবার বইয়ের সংখ্যা কম। গত-বারের তুলনায় এ বৎসর বইয়ের দাম বাড়িয়াছে প্রায় ২০ ভাগ।

বাংলা সাহিত্যের ৩০ জন স্মরণীয় লেখকের জীবনীগ্রন্থ এবং সৈয়দ আকরম হোসেন সম্পাদিত সৈয়দ ওয়ালীউল্লাহ রচনাবলীর দ্বিতীয় খণ্ড এ বৎসরের গ্রন্থমেলার সবচেয়ে উল্লেখযোগ্য প্রকাশনা। সৈয়দ ওয়ালীউল্লাহ রচনাবলীর দ্বিতীয় খণ্ডে লেখকের ৩৩টি অগ্রন্থিত গল্পসহ ইতিপূর্বে গ্রন্থভুক্ত হয় নাই এমন ৪৩টি রচনা সংযোজিত হইয়াছে। গ্যেটের ফাউস্ট এবং গ্রীক ধ্রুপদী নাটকের অনুবাদও এবারের গ্রন্থমেলার উল্লেখযোগ্য প্রকাশনা। ফাউস্ট অনুবাদ করিয়াছেন আহমদ ছফা। এ্যারিস্টোফানিসের ভেক, বিহঙ্গ ও লিসিসট্রাটা অনুবাদ করিয়াছেন অধ্যাপক কবীর চৌধুরী। সফোক্লিসের রাজা ইডিপাস এবং ইউরিপিডিসের আলসেষ্টিস ও মিডিয়া অনুবাদ করিয়াছেন খোন্দকার আশরাফ হোসেন। মুহম্মদ নূরুল হুদা অনুবাদ করিয়াছেন ইস্কিলাসের আগামেমনন। গ্রন্থমেলার নূতন বইয়ের মধ্যে আরও রহিয়াছে রনেশ দাশগুপ্তের আয়ত দৃষ্টিতে আয়ত রূপ, সত্যেন সেন রচনাবলী। কবি দিলওয়ারের প্রথম নির্বাচিত কবিতা সংকলন আজ (রবিবার) মেলায় আসিবে।

এ বৎসর নূতন বই প্রকাশের হার কম। বইয়ের বিক্রয়ও কম। হালকা উপন্যাস, চটুল পেপার ব্যাক বিক্রয় হইতেছে বেশী। এ সকল বইয়ের পাঠক অধিকাংশ ক্ষেত্রেই তরুণ তরুণী।

১ শত ৩টি প্রতিষ্ঠানের মোট ১ শত ৫৩টি ষ্টল গ্রন্থমেলায় স্থান পাইয়াছে। ষ্টলের এই সংখ্যা গত বৎসরের চাইতে ৫১টি বেশী।

বই মেলার সঙ্গে একাডেমী প্রাঙ্গণে ধূলা-বালির সমাবেশও ঘটিয়াছে প্রচুর। দর্শকদের মতে, কিছু সময় পর পর পানি ছিটানোর ব্যবস্থা করিতে পারিলে ধুলা কমিতে পারে। থিয়েটার নাট্যগোষ্ঠীর বইয়ের ষ্টলসহ বেশ কয়েকটি ষ্টলে তরুণীরাও বই বিক্রয় করিতেছে। কিন্তু এক শ্রেণীর উচ্ছৃঙ্খল তরুণের ক্রিয়া-কলাপ মেলা প্রাঙ্গণের পরিবেশ ব্যাহত করিতেছে। ব্যাগ ভর্তি করিয়া বই চুরির অভিযোগও পাওয়া গিয়াছে। গতকাল সকালে মেলা প্রাঙ্গণে একটি ষ্টলও তছনছ করা হয়।